গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাঃ ১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩৫.১৫-২২৯

তারিখ ঃ ০৮ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের নিয়োগবিধি Bangladesh Civil Service Recruitment Rules, 1981 (০৫/০১/১৯৯২ তারিখে সংশোধিত) এর সংশোধনীর প্রস্তাব প্রেরণ প্রসংগে।

কাশিঅ সূত্র - ১ঃ ৩৭.০৩.০০০০.০১১.১১.৪৫.১৫-৮৯, তারিখ ঃ ২৪/০২/২০১৬।
Mopa সূত্র -২ঃ ০৫.০০.০০০০.১৭৪.০২২.০০৯.২০১৫-১৯১, তারিখ ঃ ০৬/১২/২০১৫।
পিএসসির সূত্র -৩ঃ ৮০.২০০.০৪৬.০০.০০.০১৭.২০১৬-৮৫, তারিখঃ ০৭/০৩/২০১৬।
পিএসসির সূত্র -৪ঃ ৮০.২০০.০৪৬.০০.০০.০১৭.২০১৬-৭৪, তারিখঃ ০২/০৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের ৬৫টি পদ ৩৭তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের নিয়োগবিধি Bangladesh Civil Service Recruitment Rules, 1981 (০৫/০১/১৯৯২ তারিখে সংশোধিত) তে নিম্নোক্ত সংশোধনী আনয়নের প্রয়োজনীয়তা রয়েছে :

(ক) বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের নিয়োগবিধি Bangladesh Civil Service Recruitment Rules, 1981 (০৫/০১/১৯৯২ তারিখে সংশোধিত) -তে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের এন্ট্রি পদসমূহ যে বিসিএস পরীক্ষার মাধ্যমে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়োগ করা হবে তা অস্পষ্ট থাকার কারণে নিয়োগ বিধিতে তা সুস্পষ্ট করে উল্লেখপূর্বক নিয়োগবিধি পূন:সংশোধন ও গেজেট আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ ;

(খ) নিয়োগ বিধিতে উক্ত পদসমূহের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শিক্ষা মন্ত্রণালয় বা কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ বিধিতে তা সুস্পষ্ট করে উল্লেখপূর্বক নিয়োগবিধি পূন:সংশোধন ও গেজেট আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ ;

(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধির ২৬ (গ) (১) ক্রমিকে পদের নামে শুধুমাত্র ইন্সট্রাক্টর (টেক) কথাটি উল্লেখ রয়েছে। কিন্তু এক্ষেত্রে কি কি টেকনোলজিতে নিয়োগ করা হবে তার বিস্তারিত উল্লেখ নেই এবং পৃথক পৃথকভাবে শিক্ষাগত যোগ্যতার কথাও বলা নেই। উল্লেখ্য, টেক পাওয়ার/ টেক সিভিল উড এর সংশ্লিষ্ট টেকনোলজিতে নিয়োগের জন্য প্রার্থীর স্বল্পতা রয়েছে। ফলে, টেক পাওয়ার/ টেক সিভিল উড এর শিক্ষাগত যোগ্যতা নিয়োগ বিধিতে স্পষ্টিকরণ করে গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণ ;

(ঘ) Bangladesh Civil Service Recruitment Rules, 1981-এর ০৫/০১/১৯৯২ তারিখের সংশোধিত নিয়োগ বিধিমালার ক্রমিক নং 10(b) অনুযায়ী নন-টেকদের ক্ষেত্রে উপাধ্যক্ষ পদে পদোন্নতির ব্যবস্থা উন্মুক্ত আছে। কিন্তু ক্রমিক নং নং 9(a) মোতাবেক নন-টেকদের বঞ্চিত করে অধ্যক্ষ পদে শুধুমাত্র টেকদের পদোন্নতির ব্যবস্থা ছিল। কিন্তু পরবর্তীতে ২৭ নভেম্বর, ২০০৪ সালে বিসিএস (কারিগরি শিক্ষা) নিয়োগ বিধিমালা ১৯৯২ এর ক্রমিক 9(a) আংশিক সংশোধন করে নন-টেকদের ১০% অধ্যক্ষ পদে পদোন্নতির ব্যবস্থা করা হয়েছে যা সামনঞ্জস্যপূর্ণ নয়। আংশিক সংশোধনীতে নন-টেকদের ১০% পদোন্নতির ক্ষেত্রে উপাধ্যক্ষ হিসেবে ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং টেকদের অধ্যক্ষ হিসেবে পদোন্নতির ক্ষেত্রে উপাধ্যক্ষ অথবা চিফ ইন্সট্রাক্টর (টেক) পদে সিলেকশন গ্রেড প্রাপ্তির ০৩ বৎসর হলেই অধ্যক্ষ পদে পদোন্নতি পাবে মর্মে উল্লেখ রয়েছে। উল্লিখিত বৈষম্যসমূহ দূরীকরণের লক্ষে টেক ও নন-টেক পদের জন্য এক ও অভিন্ন করে নিয়োগ বিধি সংশোধনের ব্যবস্থা গ্রহণ ;

(ঙ) ১৮ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের গেজেটে উক্ত পদগুলো যে বিসিএস পরীক্ষার মাধ্যমে সরকারী কর্ম কমিশন নিয়োগ করবে তার উল্লেখ নেই। কারণ এগুলো ক্যাডার পদ এবং এগুলো সরকারী কর্ম কমিশন কর্তৃক নিয়োগের বিষয় নিয়োগ বিধিমালায় উল্লেখ না থাকায় ৩৭তম বিসিএস পরীক্ষায় ৬৫টি পদ নিয়োগ করা সম্ভব হবে না।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ক্রটিসমূহের প্রয়োজনীয় সংশোধনী নিয়োগ বিধিতে অন্তর্ভুক্তপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের ০৯ মার্চ ২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩৫.১৫-১৭৭ নং স্মারক পত্রে চাহিত তথ্যাদিসহ নিয়োগ বিধি সংশোধনী প্রস্তাব আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/৩/১৬
(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।

D:\Haider\Sec-15\Letter-2014.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাঃ ১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩৫.১৫- ২২৫

তারিখ ঃ ০৮ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের ৬৫টি পদ ৩৭তম বিসিএস-এর বিজ্ঞাপনে অন্তর্ভুক্তকরণ প্রসংগে।

পিএসসির সূত্র ঃ ৮০.২০০.০৪৬.০০.০০.০১৭.২০১৬-৭৪, তারিখঃ ০২/০৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের ৬৫টি পদ ৩৭তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনে অন্তর্ভুক্ত করার বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের ১০/০৩/২০১৬ তারিখের সভার চাহিত বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের নিয়োগবিধি Bangladesh Civil Service Recruitment Rules, 1981 (০৫/০১/১৯৯২ তারিখে সংশোধিত) এর প্রয়োজনীয় সংশোধনীসমূহের কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, বাস্তবতার নিরিখে নিয়োগ বিধির সংশোধনী প্রস্তাব পাওয়ার পর তা জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন এবং গেজেট আকারে প্রকাশ করা যথেষ্ঠ সময় সাপেক্ষ। ফলে, বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের ৬৫টি পদ ৩৭তম বিসিএস পরীক্ষায় বিজ্ঞাপনের অন্তর্ভুক্ত করার জ়ন্য পিএসসি কর্তৃক বেধে দেয়া সময় গত ১৬/০৩/২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সংশোধনী প্রস্তাব পিএসসিতে প্রেরণ সম্ভব নয়। বিষয়টি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

২২/৩/১৬
(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

বিতরণ :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আর্কষণ: জনাব আফসারী খানম, উপসচিব, নবনিয়োগ অধিশাখা)

০২। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(দৃষ্টি আর্কষণ: জনাব আ.ই.ম. নেছার উদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক, ক্যাডার)

০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।